

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Executive Engineer
Bera O&M Division
BWDB, Bera, Pabna.
Tel. : 07323-75067
e-mail: ee.berabwdb@gmail.com



নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বেড়া পওর বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।
ফোন নং : ০৭৩২৩-৭৫০৬৭
e-mail : ee.berabwdb@gmail.com

স্মারক নং: অ-১৫/১৫০০

তারিখ: ১৬/০৬/২০১৯ খ্রিঃ

বরাবর

জেলা প্রশাসক
পাবনা।

বিষয়ঃ- পাবনা জেলার সুজানগর উপজেলাধীন তালিমনগর রেগুলেটর ও নির্মাণাধীন তালিমনগর পাম্প স্টেশন এলাকায় পানি উন্নয়ন বোর্ড কর্তৃক অধিগ্রহণকৃত জমির উপর নির্মিত অবৈধ দোকান/ঘরবাড়ী ও অন্যান্য স্থাপনা উচ্ছেদের নিমিত্ত ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বেড়া, পাবনা কর্তৃক “পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন ও মৎস্য চাষ” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে এবং প্রকল্পের আওতায় পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সাগরকান্দি ইউনিয়নে তালিমনগর পাম্প স্টেশনসহ দুইটি ব্রীজ নির্মাণ কাজ চলমান আছে। পাম্প স্টেশন এবং ব্রীজ নির্মাণ সংলগ্ন এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক অধিগ্রহণকৃত জমির উপর অবৈধভাবে নির্মিত দোকান, ঘরবাড়ী ও অন্যান্য স্থাপনার কারণে প্রকল্পের কাজ বাস্তবায়নে প্রতিবন্ধকতা তৈরী হচ্ছে। প্রকল্পটি জুন/২০১৯ খ্রিঃ-তে সমাপ্তের জন্য নির্ধারিত রয়েছে। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে জনস্বার্থে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী অবৈধভাবে নির্মিত দোকান, ঘরবাড়ী ও অন্যান্য স্থাপনা উচ্ছেদ করা প্রয়োজন এবং এ লক্ষ্যে ম্যাজিস্ট্রেট নিয়োগ করা আবশ্যিক। উল্লেখ্য যে, উচ্ছেদ কার্যক্রমে নিয়োজিত এক্সাভেটরসহ শ্রমিকের মজুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক পরিশোধ করা হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জায়গা অবৈধভাবে স্থাপনকৃত দোকান, ঘরবাড়ী ও অন্যান্য স্থাপনা অপসারণের জন্য জনস্বার্থে ও সরকারী জায়গা অবৈধ দখলমুক্ত করণের স্বার্থে ম্যাজিস্ট্রেট নিয়োগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল হামিদ)
নির্বাহী প্রকৌশলী
বেড়া পওর বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।

স্মারক নং: অ-১৫/১৫০০/১(৮)

তারিখ: ১৬/০৬/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাপাউবো, পাবনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বেড়া/ সুজানগর/ সাঁথিয়া, পাবনা।
- ৩। উপ-বিভাগীয় প্রকৌশলী সুজানগর পওর উপ-বিভাগ, বাপাউবো, সুজানগর, পাবনা।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), বেড়া/ সুজানগর/ সাঁথিয়া, পাবনা।
- ৫। অফিসার ইনচার্জ, আমিনপুর থানা, বেড়া, পাবনা।
- ৬। চেয়ারম্যান, সাগরকান্দি/মাশুনদিয়া ইউনিয়ন পরিষদ, সুজানগর/বেড়া, পাবনা।
- ৭। শাখা কর্মকর্তা, বেড়া পওর শাখা-৪/৫/৬, বাপাউবো, বেড়া, পাবনা।
- ৮। নথির কপি।

নির্বাহী প্রকৌশলী
বেড়া পওর বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।